

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৫৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৬৭. (আল্লাহর কাছে) আশ্রয় প্রার্থনা করা

باب فِي الاسْتِعَاذَةِ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادٌ، أَخْبَرَنَا قَتَادَةُ، عَنْ أَنَسٍ، أَنَّ النَّبِيَّ صلي الله عليه وسلم كَانَ يَقُولُ " اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْبَرَصِ وَالْجُنُونِ وَالْجُذَامِ وَمِنْ سَيِّئِ الْأَسْقَام " .

_ صحیح

বাংলা

১৫৫৪। আনাস (রাঃ) সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতেনঃ ''হে আল্লাহ! আমি আপনার কাছে আশ্রয় চাই শ্বেত, উন্মাদনা, কুণ্ঠ এবং সমস্ত দুরারোগ্য ব্যাধি হতে।''[1]

সহীহ।

English

Narrated Anas ibn Malik:

The Prophet (ﷺ) used to say: "O Allah, I seek refuge in Thee from leprosy, madness, elephantiasis, and evil diseases."

ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায় : আশ্রয় প্রার্থনা, হাঃ ৫৫০৮), আহমাদ (৩/১৯২) কাতাদাহ হতে।

হাদিসের শিক্ষা



- * এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:
- ১। নাবী কারীম [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] এই সমস্ত ঘৃণিত ব্যাধি থেকে আল্লাহর কাছে এই জন্য আশ্রয় প্রার্থনা করেছেন যে, এই সমস্ত ব্যাধি হলো কঠিন ভয়াবহ। মানুষ এই সমস্ত ব্যাধিকে খুব ঘৃণিত ব্যাধি মনে করে; কেননা এই সমস্ত ব্যাধি মানুষের প্রকৃত অবস্থা পরিবর্তন করে দেয় এবং নষ্ট করে দেয়।
- ২। মানুষের স্বাস্থ্য সর্বশ্রেষ্ঠ নেয়ামত; সুতরাং মুসলিম ব্যক্তির উচিত যে, সে যেন নিজের স্বাস্থ্য সঠিক পন্থায় রক্ষা করে এবং নিজের শরীরের সুস্থতা প্রাপ্ত হওয়ার জন্য মহান আল্লাহর কৃতজ্ঞতা প্রকাশ করে; কেননা এই সমস্ত ঘৃণিত ব্যাধিতে আক্রান্ত হলে মানুষ নিজের অধিকারগুলির রক্ষণাবেক্ষণ করতে এবং দায়িত্ব পালন করতে অক্ষম হয়ে পড়ে।
- ৩। মানুষের স্বাস্থ্য সঠিক পস্থায় রক্ষা করার কতকগুলি উপাদান রয়েছে। সেই উপাদানগুলি হলো প্রকৃতপক্ষে মহান আল্লাহর প্রদত্ত নিয়ম বা কানুন ও বিধিব্যবস্থা। এবং মানুষ যেন তার সৃষ্টিকর্তা আল্লাহর বশ্যতা ও দাসত্ব স্বীকার করে। এবং স্বাস্থ্যরক্ষার জন্য মহান আল্লাহ যে সমস্ত নিয়ম বা কানুন ও বিধিব্যবস্থা নির্ধারণ করে দিয়েছেন, সেই সমস্ত নিয়ম বা কানুন ও বিধিব্যবস্থা নিজের স্বাস্থ্যরক্ষার নিমিত্তে মেনে চলা আল্লাহর বশ্যতা ও দাসত্ব স্বীকার করার নিদর্শন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

₱ Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58872

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন